দৈনিক ইত্তেফাক

তারিখ 22 APR 1994
পৃষ্ঠা ৩ কলাম ৫



## মাদ্রাসা শিক্ষক সমিতির বিরুদ্ধে অপপ্রচার সম্পর্কে সতর্ক থাকার আহ্বান

মাদ্রাসা শিক্ষক সমিতির সহ-সভাপতি আলহাজ মাওলানা হাফিজুল্লাহ মোজাদ্দেদী, পীরজাদা আলহাজ্ব মাওলানা শরীয়তুল্লাহ, আলহাজ মওলানা নূর মোহাম্মদ রব্বানী, আলহাজ্ব মওলানা এ.কে.এম নুরুল ইসলাম, মওলানা আবদুল হক নোমানী, মহাসচিব পীরজাদা আলহাজ্ব মওলানা এস এম রুহুল আমীন, যুগ্ম মহাসচিব আলহাজ মওলানা ফজলুল করিম, কারী গোলাম

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## মাদ্রাসা শিক্ষক সমিতি

(৩য় পৃঃ পর)

মোস্তফা, মওলানা মোঃ আলাউদ্দিন সরকার, মওলানা আবদুর রহমান, মওলানা মোঃ রওশন আলী, মওলানা মহিউদ্দীন ফারুক ও মওলানা শাহ মোঃ নেসারুল হক এক যুক্ত বিবৃতিতে বলেন, গত ১৯শে এপ্রিল একই পত্রিকায় জমিয়াতুল মোদারেসিন মাদ্রাসা শিক্ষকদের একমাত্র সংগঠন বলিয়া যে খবর ছাপা হইয়াছে উহা সম্পূর্ণ মিথ্যা ও ভিত্তিহীন। তাহারা উক্ত খবরের প্রতিবাদ করিয়া বলেন, দেশের সকল মাদ্রাসা শিক্ষকরা অবগত যে, স্বৈরাচার সরকারের দোসর মওলানা এম এ মান্নান বহু চেষ্টা করিয়াও প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সাথে সাক্ষাতের সুযোগ পান নাই। তাহার বলেন, অথচ গঠনতন্ত্র অনুযায়ী গণতান্ত্রিকভাবে নির্বাচিত মাদ্রাসা শিক্ষক সমিতির কর্মকর্তারা গত ৮ই সেপ্টেম্বর সুগন্ধায় প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাৎ করিয়া মাদ্রাসা শিক্ষকদের দাবী দাওয়া সম্বলিত এক স্মারকলিপি পেশ করেন। তাহারা মাদ্রাসা শিক্ষক সমিতির বিরুদ্ধে পরিচালিত অপপ্রচার সম্পর্কে সতর্ক থাকার জন্য মাদ্রাসা শিক্ষকদের প্রতি আহ্বান জানাইয়াছেন।